

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং: ২৯.০০.০০০০.২২৩.০২.০২.২০২৩-৪১২

তারিখঃ ০৮/০৮/২০২৩ খ্রি।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজামাটি পার্বত্য জেলায় বিশেষ বরাদ্দ প্রদানের নিমিত্তে ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজামাটি পার্বত্য জেলার অনুকূলে বর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

ক্র. নং	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বরাদ্দের ধরণ	এনআইডি ও মোবাইল নং	টাকার পরিমাণ
১.	চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজামাটি পার্বত্য জেলা।	আর্থিক সহায়তা	এনআইডি: নাই মোবা: নাই	১৫,০০,০০০/-

০২। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৭,৬০,০০,০০০/- (সাত কোটি ষাট লক্ষ) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

শর্তসমূহ:

- মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজামাটি বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলার মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- জেলা পরিষদ বরাদ্দগ্রহীতাগণের নিকট হতে প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।



(কাজী মোহাম্মদ চাহেল তস্তরী)
উপসচিব
ফোন-৫৫১০০৬৩০

নং: ২৯.০০.০০০০.২২৩.০২.০২.২০২৩-৪১২

তারিখঃ ০৮/০৮/২০২৩ খ্রি।

সদয় জ্ঞাতার্থে/কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজামাটি পার্বত্য জেলা।
- অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাজামাটি পার্বত্য জেলা।
- সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- অফিস কপি।


(কাজী মোহাম্মদ চাহেল তস্তরী)
উপসচিব